TRIBAL SOCIETY OF BIRBHUM : A SOCIO-ECONOMIC STUDY OF *SANTALS* IN SAINTHIA BLOCK

Bedadyuti Barman

INTRODUCTION

The Scheduled Tribes (STs) population constitutes India's most vulnerable group estimated to be 104 million people (Census 2011). This group has suffered discrimination and exclusion in all its dimensions for centuries. This group has been historically deprived access and entitlements not only to economic rights but also to social needs such as education, health and housing. After attaining independence in 1947, the STs received special attention through the Constitution of India with special provisions in education, employment and political representation. But during the last 65 years of independence, all facilities for them failed to reach the lowest strata of the community. The term *Adivasi* is implied to the tribal people. India with diversified ecological, cultural and linguistic zones have given shelter to more than around five hundred tribal community constituting 08.6per cent of total population. The principal inhabitants of the tribal world of Birbhum are the *Santals*, with a small percentage of other tribes. The *Santals*, however had already been living in Birbhum. They seem to have brought to the district by the Zaminders in the last decade of the 18th century for the purpose of jungle reclamation. They were industrious cultivators and expert wood cutters. Their hard labour had transferred indifferent lands into luxuriant plots. The *Santals*, according to all contemporary accounts were simple, innocent and peaceable people. But they were abysmally poor. Apart from great concentrations of the STs mainly *Santals*, in some villages in the district where entire population belongs to the STs. The *Santals* are the major tribal group in Birbhum district are locally known as *Manjhi*. They like to identify themselves as *Hor* (Man) not *Santal*. In Birbhum district of West Bengal they comprise

Development and Discontents in the Perspective of the Continuing Disadvantaged Position of the Scheduled Castes. (A Case Study of the Rajbanshis in Jalpaiguri District, W.B.)

Bedadyuti Barman[1]

Abstract

India has developed enough through eleven five-year plans after 65 years of independence. The country developed economically but social justice has not been ensured. The outcome of this economic development has not reached the backward communities, particularly the SC/ST communities. Many marginal communities continuously remain in backward position. Social injustice among the various communities has been creating grievance and anarchism. This causes law and order problem in many parts of the country, and the development of the country is also getting hindered. Actual development of the country cannot be achieved if a portion of the population lags behind. All the communities belonging to the SC category have not progressed equally along with the economic development of the country. One such glaring example of this social injustice is the Rajbanshi community of North Bengal. Rajbanshi community constitutes the most pre-dominant section and the early settlers of North Bengal. They are now the poorest of the poor of West Bengal. The Rajbanshis, the largest SC community of West Bengal are deprived of social justice. My comparative study reveals the differences of socio-economic condition of the SCs and the disadvantaged position of the Rajbanshis among the scheduled caste communities. Jalpaiguri is regarded as one of the backward districts of West Bengal and one of the Rajbanshi inhabited areas. In Jalpaiguri district SC population was 36.71%, The Rajbanshis were 23.86% of total population and 65% of SC population in 2001. To consider the condition of economic development along with social justice of the Rajbanshis and to find out the factors responsible for this continuing disadvantaged position

1 Asst. Professor Of Economics, Abhedananda Mahavidyalaya,P.O. Sainthia, Dist. Birbhum , PIN.731234

Attested
Teacher In Charge
Abhedananda Mahavidyalaya
Sainthia, Birbhum

চিহ্নিত করা হয়। পশ্চিমবঙ্গে মকর সংক্রান্তি বা পৌষসংক্রান্তি গুলোতে মূলত নতুন ফসলের উৎসব 'পৌষ পার্বণ' উদ্‌যাপিত হয়। পৌষ মাসের শেষের দিন এ উৎসব পালন করা হয়।

[২৫] রঙ উৎসবের আগের দিন 'হোলিকা দহন' হয়। হিরণ্যকিশপুর বোন হোলিকা ভক্ত প্রহ্লাদকে হত্যার চেষ্টায় কোলে নিয়ে আগুনে প্রবেশ করলে বিষ্ণুর কৃপায় প্রহ্লাদ অগ্নিকুণ্ড থেকেও অক্ষত থেকে যায়। কিন্তু ক্ষমতার অপব্যবহারহেতু হোলিকার আগুনে অক্ষত থাকার বর নষ্ট হওয়ায় হোলিকা পুড়ে নিঃশেষ হয়ে যায়। এ থেকেই হোলি কথাটির উৎপত্তি বলে মনে করা হয়ে থাকে।

[২৬] কাশীতে দেবী কুষ্মাণ্ডার মন্দির বিখ্যাত। সেখানে তিনি দুর্গা নামেই সমধিক পরিচিত।

[২৭] "উঠো উঠো পাঁচপীরা হ্যালুমানা আরে অ্যাঙনা আরাধ্যাসিয়া লোগা হে ঠারি।...অ্যাঙ্কা পুকারে হে আঁখা দেহনা নসম বাঁঝা পুকারে হে দুধাধারা হে পুতা, আরে ক্যানাইতে খিজ্যাইতে চ্যালিরে যাহ্যায়।...উঠো উঠো পাঁচ পীরা হ্যালুমানা আরে অ্যাঙনা আরাধ্যাসিয়া লোগা হে ঠারি।" সুনীল চন্দ্র মণ্ডল, *প্রাগুক্ত*, পৃ. ১৬২-৬৩।

[২৮] Wilson, Charles Robert, *The Early Annals of the English in Bengal*, W. Thacker, 1895, 93.

[২৯] আলি খান আকবর, *সপ্তদশ শতকের বাংলায় ধর্মীয় জীবন: কিছু প্রাসঙ্গিক ভাবনা*।

[৩০] *প্রাগুক্ত*।

[৩১] William Crooke, *"Panchpiriya," Encyclopaedia of Religion and Ethics*, 1917, ix, p. 600.

[৩২] *Ibid.*

[৩৩] *Ibid.*

[৩৪] *Ibid.*

[৩৫] *Ibid.*

[৩৬] *Ibid*, p. 601; পাঞ্জাব রিপোর্ট, প্রথম খণ্ড, পৃ. ২০৬।

[৩৭] Sarkar, Jagadish Narayan, *Islam in Bengal* (Thirteenth to Nineteenth Century), Ratna Prakashan, Calcutta , 1972, p. 37; Rahaman, Shah Noorur, *Hindu-Muslim Relations In Mughal Bengal*, Calcutta, 2001, p. 58.

[৩৮] James Hastings, John Alexander Selbie, Louis Herbert Gray Scribner, *Encyclopaedia of Religion and Ethics*, Volume 9, 1961, p. 600.

[৩৯] শম্ভুনাথ কুণ্ডু, *প্রাচীন বঙ্গে পৌরাণিক ধর্ম ও দেবভাবনা*, বর্ধমান, ১৯৯৬, পৃ. ১০৯।

[৪০] Swami Mukundananda, *Bhagavad Gita: The Song of God*, 2013.

[৪১] Uma Prasad Thapliyal, *The Dhvaja, Standards and Flags Of India: A Study*, B.R. Pub Corp., 1938, p.71.

[৪২] Roy, Asim, *The Islamic Syncretistic Tradition in Bengal*, Dhaka: Academic Publishers, 1983; আকবর আলি খান, *সপ্তদশ শতকের বাংলায় ধর্মীয় জীবন: কিছু প্রাসঙ্গিক ভাবনা*, https://sanatandharmatattva. wordpress.com/২০১৫/০৫/১ সপ্তদশ-শতকের-বাংলায়-a/©।

[৪৩] মণ্ডল, *প্রাগুক্ত*, পৃ. ১৬২। *(৪৩ সুনীল চন্দ্র মণ্ডল, পশ্চিম বঙ্গের চাঁই সমাজের ভাষা-সাহিত্য ও সংস্কৃতি, স্বদেশ চর্চা কেন্দ্র, কলকাতা, ২০০১, পৃ. ১৬২।

[৪৪] http://bharatiyajyotishmantrasaadhana.blogspot.in/2010/04/ significance-and-meanig-of-five-faces.html।

ISSN-1995-1000
ইতিহাস প্রবন্ধমালা ২০১৫

কম্বোজ থেকে কুচবিহার: ঐতিহাসিক প্রেক্ষাপট, বিতর্ক ও পর্যালোচনা

বেদদ্যুতি বর্মণ*

গিরিরাজ হিমালয়ের দক্ষিণে এবং বঙ্গদেশের উত্তরে অবস্থিত বিশাল কামতারাজ্য ক্রমে সংকুচিত হয়ে ব্রিটিশের করদ-মিত্র রাজ্যে পরিণত হয় এবং নাম হয় কুচবিহার। এখানে উল্লেখযোগ্য ভুটানের দক্ষিণে করতোয়া, মানস বা সংকোশের মধ্যবর্তী অঞ্চলকে বঙ্গদেশের ইতিহাস রচনাকাররা কখনও বঙ্গদেশের অংশ হিসাবে উল্লেখ করেননি। প্রকৃতপক্ষে এ অঞ্চল বৃহত্তর বঙ্গদেশের সঙ্গে সংযোজিত হয়েছিল ইংরেজ আমলেই প্রথম। এ অঞ্চলের নাম পরিবর্তনের ঐতিহাসিক প্রেক্ষাপট আলোচনা করাই বর্তমান নিবন্ধের মূল উদ্দেশ্য।

কম্বোজদের আদি বাসস্থান: কম্বোজদের আদি বাসভূমি 'কম্বোজ'। কম্বোজ ছিল গান্ধার-এর নিকটবর্তী। কারণ প্রাচীন সাহিত্য ও অশোকের লেখ্যতে গান্ধার ও কম্বোজের নাম সর্বদাই একসঙ্গে উচ্চারিত হয়েছে। ঐতিহাসিক ভি.ভি. কোসাম্বী মনে করেন, কুক্কুশ্বতী কম্বোজের রাজধানী ছিল। কারণ 'সংযুক্ত নিকায়' গ্রন্থে এর উল্লেখ আছে। হাজারা জেলা ছিল কম্বোজের অন্তর্ভুক্ত এবং এটি পশ্চিমে কাফিরিস্তান পর্যন্ত বিস্তৃত। মহাভারতে কম্বোজে রাজতন্ত্রের কথা উল্লেখ থাকলেও অর্থশাস্ত্র থেকে জানা যায় যে, পরবর্তী কালে এখানে সংঘ শাসনের প্রবর্তন হয়।[১]

কম্বোজদের অভিপ্রয়ান: সম্ভবত খ্রিস্টপূর্ব দ্বিতীয় বা প্রথম শতকে কোনো কারণে কম্বোজদের একটি দল দক্ষিণ দিকে অগ্রসর হয়ে গুজরাটের কাছাকাছি অঞ্চলে বসতি স্থাপন করে। পুরাণে এ ঘটনার উল্লেখ আছে।

> "পুলিন্দাশ্মক জীমৃত-নয়রাষ্ট্র নিবাসিনঃ
> কর্ণাটা কম্বোজ ঘন্টা দক্ষিণাপথ বাসিনঃ
> অম্বষ্ঠা দ্রাবিড়া লাটাঃ কম্বোজা স্ত্রীমুখাঃ শকাঃ
> আনর্ত বাসিনশ্চৈব জ্ঞেয়া দক্ষিণ-পশ্চিমে" (গরুড় পুরাণ ৫৫/১৪-১৫)।

গরুড় পুরাণের এ শ্লোক থেকে বোঝা যায় যে, দক্ষিণ-পশ্চিম ভারতে লাটের পাশে কম্বোজরা তাদের বাসস্থান গড়ে তোলায় সে স্থান কম্বোজ জনপদ নামে পরিচিত হয়েছিল।[২] ৯৪৩ থেকে ৯৪৮ খ্রিস্টাব্দের মধ্যে অল ইস্তখরি ও ইবন্ হৌকল নামক দুজন মুসলমান ঐতিহাসিক 'বলহবা' বা রাষ্ট্রকূট রাজ্যের উত্তর সীমা 'কম্বায়' নামে উল্লেখ করেছেন।[৩] আইন-ই-আকবরীতে এ জনপদ 'কম্বায়েৎ' নামে পরিচিত।[৪] উক্ত কম্বোজ মুসলমান ঐতিহাসিকগণের নিকট 'কাম্বে' নামে পরিচিত। অতএব

* সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, অভেদানন্দ মহাবিদ্যালয়, সাঁইথিয়া, বীরভূম, পশ্চিমবঙ্গ।

চর্যাপদের পুনর্গঠন : প্রান্তজনের প্রতিরোধের বৃত্তান্ত

সাগ্নিক দাশগুপ্ত

মহাযানী বৌদ্ধ সাধকদের গুহ্য সাধনপ্রণালী সম্পর্কিত নির্দেশিকাই রূপকের আড়ালে চর্যাপদে প্রকাশিত হয়েছে। যে কায়াসাধনকে অবলম্বন করে তারা পরম-সত্যে উন্নীত হতে চেয়েছেন, সেই সাধন পদ্ধতিই হয়ে উঠেছে এই পদগুলির মুখ্য উপজীব্য। বলা বাহুল্য, এটি কায়াসাধনতান্ত্রিক সাধনপদ্ধতির অন্যতম গুরুত্বপূর্ণ পন্থা হিসেবে বিবেচিত হয়। প্রসঙ্গত উল্লেখ্য, মহাযানী বৌদ্ধসম্প্রদায়ের প্রথম যুগের আচার্যেরা দান-শীল, ক্ষান্তি, বীর্য, ধ্যান, প্রজ্ঞা— এই ছয়টি পরমগুণের অনুশীলনের মাধ্যমেই বোধিসত্ত্বাবস্থাকে স্থায়ী করা সম্ভব বলে মনে করতেন।[১] অবশ্য পরবর্তী পর্যায়ে এই ছয়টি গুণের সঙ্গে উপায়, প্রণিধান, বল ও জ্ঞান—নামক আরও চারটি পারমিতা যুক্ত হয়। কিন্তু সাধারণ মানুষের পক্ষে এই সকল মহৎ গুণাবলির অভ্যাস ও জীবনাচরণে যথার্থ প্রতিফলন বিশেষভাবে অসম্ভব হয়ে পড়েছিল। এই পরিস্থিতিতেই আচার-অনুষ্ঠান-নির্ভর তন্ত্রাচার মহাযানী বৌদ্ধধর্মে অনুপ্রবিষ্ট হয়। যেহেতু এই পর্যায়ে বৌদ্ধ মহাযানী সম্প্রদায়ের আচার্যগণ সমস্ত চাহিদাকে পূর্ণ স্বীকৃতি দিয়েই তান্ত্রিক ক্রিয়াচারের বিবর্তন ও বিকাশ, সেহেতু মহাযানী বৌদ্ধধর্ম নিম্নবর্ণীয় সমাজে বিশেষভাবে গৃহীত হয়েছিল। আসলে আচার্যগণ বুঝেছিলেন তাঁদের আচরিত ধর্মকে কোনো একটি নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ করে না রেখে, সমাজের সকল স্তরের মধ্যে প্রসারিত করতে হলে প্রত্যেকের যাপিত জীবন ও জীবিকার সীমাবদ্ধতাকে স্বীকার করেই অসীমের সন্ধান দিতে হবে। প্রসঙ্গত Miranda Shaw তাঁর 'Passionate Enlightenment women In Tantric Buddhism'— গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে বলেছেন—

> *Tantra can be practiced in any setting. Although Tantric Buddhism offers many practices, no single method is formally required. What is sought is a way to cut through ordinary awareness as directly possible, in order to attain enlightenment in a single lifetime. The best method for doing this will be different for each persons so teachers assign whatever practices they consider most appropriate for a particular students.*[২]

এই সাধারণ জীবনকে স্বীকৃতি দিতে গিয়েই, সাধারণ জনজীবনের বিভিন্ন প্রসঙ্গ চর্যাপদে অনিবার্যভাবে স্থান করে নিয়েছে। বিশেষত যে প্রান্তিক জীবন হিন্দু সমাজপতিদের কৃত বর্ণাশ্রম ব্যবস্থার বাইরে অবস্থিত ছিল; সেই প্রান্তজীবনের

মনেক সুপ্ত বা লুপ্তপ্রায়
র 'শ্রীধর্মমঙ্গল' কাব্যকে

কাতা : ভারবি, ২০১৫
২; ৫. তদেব, পৃ.৭৬;৬.
, পৃ.২৮৩; ১০. তদেব,
পৃ. ২৮২; ১৪. তদেব,
ব, পৃ.৮১; ১৮. তদেব,
১৯; ২২. তদেব, পৃ.৬২;
; ২৬. তদেব, পৃ.১২৩;
০. তদেব, পৃ.১২৭; ৩১.

কাতা : পুস্তক বিপণি,

কাশ, কলকাতা পুস্তক

প্রকাশ, কলকাতা, বুক

কপিলামঙ্গালের বাংলা পুথি

সাগ্নিক দাশগুপ্ত

ভারতবর্ষের সনাতন জীবনে গো-মহিমা বিশেষভাবে স্বীকৃত হয়েছে। উৎপাদন-সম্পর্কে প্রাধান্যের কারণে এই উপকারী প্রাণীটি প্রাচীন ভারতীয় সমাজ জীবনে দৈব্য ভূমিকায় উন্নীত হয় বৈদিক যুগে গো-ধনের বিশেষ তাৎপর্যের কথা পরিলক্ষিত হয়। বৈদিক ঋষিগণ ৬/৫৪/৭ সংখ্যক (প্রথম সংখ্যাটি মণ্ডল-সুচক, দ্বিতীয়টি সুক্ত-সূচক এবং তৃতীয়টি ঋক্-সংখ্যা) ঋকে পূষার কাছে প্রার্থনা জানিয়েছেন, এই বলে— "মাকির্নেশন্মাকীং রিষন্নাকীং সংশারি কেবটে।/অথারিষ্টাভরা গহি॥" অর্থাৎ, হে পূষা। আমাদের গোধন যেন নষ্ট না হয়। এ যেন ব্যাঘ্রাদি দ্বারা নিহত না হয়। কূপপাত দ্বারা যেন বিনষ্ট না হয়। অতএব তুমি অহিংসিত সে ধেনুগনের সাথে সায়ংকালে এস।[১]

কৌটিল্যের 'অর্থশাস্ত্র'-এ দেখা যাচ্ছে, গো-পালন সমাজে বিশেষ গুরুত্বের সঙ্গে বিবেচিত হচ্ছে। অর্থশাস্ত্রে 'দ্বিতীয় অধিকরণ'-এর অন্তর্গত 'ঊনত্রিংশ অধ্যায়'-এর নাম হল 'গোধ্যক্ষ'। অর্থাৎ গো-পালনকারী কর্মচারী কীরূপে গো-প্রতিপালন করবেন, সেই সম্পর্কিত সুনির্দিষ্ট নির্দেশিকা এখানে প্রকাশিত হয়েছে। গোধ্যক্ষ নিম্নলিখিত আট প্রকার কার্য্যের তত্ত্বাবধান করিবেন, যথা—১. বেতনোপগ্রাহিক, ২. কর প্রতিকর, ৩. ভগ্নোৎসৃষ্টক, ৪.ভাগানুপ্রবিষ্টক, ৫. ব্রজপর্য্যগ্র, ৬. নষ্ট, ৭. বিনষ্ট, ৮. ক্ষীরঘৃতসঞ্জাত।[২] আসলে এই সমস্ত সূত্রগুলি উদ্ধারের মাধ্যমে, প্রাচীন ভারতীয় সমাজে যুগপরম্পরা বাহিত গো-প্রতিপালনের বিশেষ তাৎপর্যের দিকটিকে সংক্ষেপে তুলে ধরার চেষ্টা করা গেল। এক্ষণে আসা যাক, কপিলা ধেনুর প্রসঙ্গে। কপিলা ধেনুর কথা আমরা মহাভারতে লক্ষ করেছি। মহাভারতের 'অনুশাসন পর্ব'-এ গো-জাতির মধ্যে কপিলার স্থান সকলের উর্ধ্বে বলে উল্লিখিত হয়েছে।[৩] মহাভারতের 'অনুশাসন পর্ব্ব'-এর 'সপ্তসপ্ততিতম অধ্যায়'-এ 'কপিলালক্ষণ' প্রসঙ্গে বলা হয়েছে—

> ভীষ্ম কহিলেন, "ধর্মরাজ! আমি বৃদ্ধদিগের নিকট কপিলার উৎপত্তি বিষয় যেরূপ শ্রবণ করিয়াছি, তাহা কহিতেছি, শ্রবণ কর। পূর্বকালে ভগবান্ স্বয়ম্ভু দক্ষকে প্রজাসৃষ্টি করিতে আদেশ করিলে, দক্ষ প্রজপতি প্রজাদিগের হিতসাধনার্থ সর্ব্বপ্রথমে তাহাদিগের জীবনোপায় নির্ধারিত করিয়েছিলেন। দেবগণ যেমন অমৃত অবলম্বন করিয়া জীবন ধারণ করেন, তদ্রূপ প্রজাগণ দক্ষনির্দ্দিষ্ট জীবিকা অবলম্বন করিয়া প্রাণধারণ করিতেছে। স্থাবর ও জঙ্গম পদার্থ

কবিবল্লভের 'শীতলামঙ্গল' — চন্দ্রকেতু পালা

সংগ্রহ ও সংকলন : সাগ্নিক দাশগুপ্ত

ঋতু বসন্ত কেবল যৌবনের বাণী বহন করে আনে না, রোগের বিষম বার্তাও সঙ্গে নিয়ে আসে। বসন্তের এই 'বিষম' আশীর্বাদের হাত থেকে নিস্তার পেতেই শীতলা পুজোর আয়োজন। সমগ্র ভারতবর্ষ জুড়েই এই দেবীর বিভিন্ন রূপভেদের পুজো করা হয়।

কবিবল্লভ-এর শীতলামঙ্গল-এর এই পুথিটিতে কাব্যারম্ভে 'ষষ্ঠী'-কে স্মরণ করা হয়েছে, যা আমাদের কাছে বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে হয়েছে। বলা বাহুল্য, ষষ্ঠীর ঠিক পরবর্তী তিথিই হল সপ্তমী। আবার বাংলায় শ্রী-পঞ্চমীর পরের দিন 'শীতল-ষষ্ঠী' সংক্রান্ত বিভিন্ন আচার-প্রথাও সর্বজনবিদিত। শীতলা দেবীর স্বরূপ সংক্রান্ত বিশদ আলোচনা শীতলামঙ্গল কেন্দ্রিক আলোচনা সংখ্যায় প্রকাশ করার ইচ্ছা রইল। যাই হোক, বাংলায় রচিত বিভিন্ন শীতলামঙ্গল-এ ব্যাধি নিয়ন্তা দেবীর রূপটিই মূলত প্রকাশিত হয়েছে। মর্ত্যলোকে তার পূজা প্রচারের প্রধান অস্ত্র হল বসন্ত। একাজে দেবীর প্রধান সহায়ক হল জ্বরাসুর। কাব্যের সূচনাতেই দেখতে পাচ্ছি প্রধান পাত্র জ্বরাসুরের সঙ্গে দেবীর শলাপরামর্শ —

ঈশ্বরি বলেন শুন পাত্র জ্বরাসুর।
তব তুল্য পৃথিবীতে কে আছে অসুর।।
সকল জিবেতে আমার অধিকার।
মনশ্য হইতে পূজা হইবে প্রচার।।
চৌষট্টি বসন্ত মাতা ডেকে আন তুমি।
পূজার বিধান কথা বলে দিব আমি।।

এই চৌষট্টি বসন্তের প্রতাপে চন্দ্রবংশের নরপতি চন্দ্রকেতুর রাজ্যে কীভাবে শীতলা পূজা প্রচারিত হল— তাই এই কাব্যের কেন্দ্রিয় বিষয়। কবিবল্লভ বসন্তের বিভিন্ন নাম এই কাব্যে তুলে ধরেছেন। যদিও তার সংখ্যা চৌষট্টি নয়। চৌষট্টি বসন্তের নাম হল—

১. বিষচর্মদল, ২. কালচর্মদল, ৩. ধূকড়িচর্মদল, ৪. মহিষচর্মদল, ৫. রক্তচর্মদল, ৬. রক্তবিকার, ৭. সর্বত্র রোগরাজা, ৮. সর্বত্র গুণরাজা, ৯. সূর্য্যমুখ, ১০. আসবাতায়, ১১. বাতরাজা, ১২. বিস্ফোটক, ১৩. গর্বচূনা, ১৪. নাগান্তক, ১৫. শরান্তক, ১৬. গজহাটক, ১৭. কুলান্তকায়, ১৮. জ্বালান্তকায়, ১৯. কুচ্ছিতকায়, ২০. গুরুদলায়, ২১. কুশধূলায়, ২২. হাম্বিরায়, ২৩. সন্নিপাতায়, ২৪. ভূতমুখা, ২৫. শিশিরা, ২৬. বৈঁচা, ২৭. মসুর, ২৮. তিল, ২৯. বেত্রফুল ৩০. কালচিমটা, ৩১. মহিষ, ৩২. মুদগাঁ, ৩৩. সন্নিশীল, ৩৪. রক্ত, ৩৫. চন্দ্রমুখ, ৩৬. অস্থিগলা, ৩৭. মাংসঝরা, ৩৮. গলাফুলা, ৩৯. তরা, ৪০. জীবা, ৪১. পানিফল, ৪২. ঝঙ্কার, ৪৩. ঝর্ঝর, ৪৪. জম্বিকা, ৪৫. ধকধক, ৪৬. কটকট, ৪৭. চিড়চিড়, ৪৮. কিটকিট, ৪৯. ঘুটঘুট ৫০. সরিষাফুল, ৫১. কুচমুড়া, ৫২. বেলপড়া. ৫৩. কালমুখ, ৫৪. ধুতরা, ৫৫. বেলথপা, ৫৬. কিরীট, ৫৭. স্বর্ণপা, ৫৮. সঙ্কটা ৫৯. নারাঙ্গা, ৬০. পর্বতচূর্ণা, ৬১. কণ্ঠনাল, ৬২. অন্তপাতক, ৬৩. কোচমুখ, ৬৪. শীলশীলা।

একালের মঙ্গলকাব্য : পাঠ-প্রতিক্রিয়ার আলোকে

সাগ্নিক দাশগুপ্ত

আনুমানিক ত্রয়োদশ শতাব্দী থেকে অষ্টাদশ শতাব্দীর কবি ভারতচন্দ্রের কাল পর্যন্ত বাংলা সাহিত্যে যে বিশেষ এক শ্রেণির ধর্ম-বিষয়ক আখ্যান-কাব্য প্রচলিত ছিল, তা-ই বাংলা সাহিত্যের ইতিহাসে মঙ্গলকাব্য নামে পরিচিত। দেব-দেবীর পূজা প্রচারই ছিল এই কাব্যগুলির মূল বিষয়। স্বাভাবিকভাবেই অলৌকিকতা ও নিয়তিনির্ভরতা একাব্যগুলির কেন্দ্রীয় আখ্যানে বিশেষ গুরুত্ব লাভ করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রায় অধিকাংশ মঙ্গল-কবিই তাঁদের কাব্য রচনার উদ্দেশ্য সম্পর্কে দেবতার স্বপ্নাদেশের কথা উল্লেখ করেছেন। যেমন, চণ্ডীমঙ্গলের বিখ্যাত কবি মুকুন্দ চক্রবর্তী কাব্য-রচনার উদ্দেশ্য সম্পর্কে বলেছেন—

দেবী চণ্ডী মহামায়া ছিলেন চরণ ছায়া
আজ্ঞা দিলেন রচিতে সঙ্গীত।[১]

এ প্রসঙ্গে ঐতিহাসিক রণজিৎ গুহের বক্তব্য—

নিম্নবর্গের চৈতন্যের অপর যে লক্ষণটি বিশেষ উল্লেখযোগ্য তা হচ্ছে ধর্মভাব। ধর্মভাব বলতে আমি শুধু ধর্মীয় সংস্থার প্রতি আনুগত্য বোঝাচ্ছি না, বোঝাচ্ছি চেতনার সেই ঐতরিক বা 'এলিয়েনেটেড' অবস্থার কথা যার প্রভাবে জড়জগৎ বা জীবজগতের কোন সত্তাকে, বাস্তবের বা ভাবনার অন্তর্গত কোন বিষয়কে তা যথার্থভাবে ধারণার মধ্যে আনতে পারে না এবং এক বিষয়ের উপর আরেক বিষয়ের গুণ আরোপ করে। ফলে যা ঐহিক তাকে অলৌকিক বলে মনে হয়। যা একান্তই মানবিক তাকে দৈব বলে ভুল হয়। ঐতরিকতার আতিশয্যেই কর্তা কখনও কখনও নিজের সৃষ্টিকেই সঠিকভাবে চিনতে পারে না। যা তার নিজের প্রতিভাজাত তাকে সে অন্যের কৃতিত্ব বলে বর্ণনা করে। তাই মঙ্গলকাব্যের কোন মহৎ কবির পক্ষে বলা সম্ভব যে তাঁর রচনা তাঁর নিজের নয়, আরাধ্যা দেবী তাঁকে দিয়ে লেখাচ্ছেন : কবি যন্ত্র, দেবী যন্ত্রী।[২]

এই কাব্যগুলিতে অলৌকিকতা ও নিয়তি-নির্ভরতার প্রসঙ্গ স্বীকার করে নিয়েও, এ কথাটা মানতেই হবে যে—মানুষের ইহজীবনের বৃত্তান্ত এখানে বিস্তৃত আকারে ঠাঁই পেয়েছে। দেবতার কথা লিখতে বসে মঙ্গল-কবি মানুষের সুখ-দুঃখ, হাসি-কান্না, প্রেম-বিরহের যাপনকথাকে এড়িয়ে যেতে পারেননি। বরং যুগ-বৈশিষ্ট্যজাত সেই মানসিক সংকীর্ণতার পরিসরেই মানবজীবনের ডিটেলিং এ কাব্যগুলিতে বারে-বারে প্রকাশিত হয়েছে। মানবজীবনের এই বহুমাত্রিক প্রকাশ স্বাভাবিকভাবেই ভাবীকালের পাঠককেও স্পর্শ করেছে। তথাকথিত আধুনিক সময়ের পাঠক মঙ্গলকাব্যের অন্দরে এই ইহজীবনের কথাকে আত্মস্থ করেই, এর সম্ভাব্যতার জায়গাগুলিকে চিহ্নিত করেছে। বলা বাহুল্য, এই সম্ভাব্যতা নির্ণয় একালের পাঠকের মানসবৈশিষ্ট্যের সঙ্গে সম্পর্কযুক্ত। এ প্রসঙ্গে প্রাজ্ঞ সমালোচক সরোজ বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যের অংশবিশেষ আমরা উল্লেখ করতে পারি—

মধ্যযুগীয় ভাবাকর্ষ থেকে কোনো চরিত্র বা ঘটনাকে চয়ন করে আজকের জীবনজটের গূঢ় রহস্যের চাবিকাঠি হিসাবে ব্যবহার করা কঠিন। লোকায়ত মীথকে কাব্যে প্রয়োগকালে প্রত্নরিচুয়ালের ধূসর মুটি থেকে তাকে মুক্ত করতে হয়—অথচ লক্ষ্য রাখতে হয়, আধুনিক টেনশনের উপযুক্ত অবজেকটিভ কোরিলেটিভ বা বহিরাধারে তা আজও যেন সক্ষম হয় ব্যক্তির ইমোশনকে, আকাঙ্ক্ষা ও সংকল্পকে সঠিক পথগামী করে তুলতে।[৩]

কবি-অধ্যাপক উত্তম দাশ তাঁর 'একালের মঙ্গলকাব্য'-এ মধ্যযুগীয় মঙ্গলকাব্যের বিষয় সমূহকে আত্মস্থ করে, একালের স্বরকে তার অন্দরে প্রকাশ করেছেন। এ কাব্যগ্রন্থের ৫০টি কবিতা ২৪শে মে, ১৯৯৯ থেকে ২৯শে সেপ্টেম্বর, ২০০২ সময় পর্বে রচিত। মঙ্গলকাব্যের পাশাপাশি চৈতন্য এবং কৃষ্ণ কথারও পুনর্নির্মাণ এই কাব্যগ্রন্থে পরিলক্ষিত হয়।

মঙ্গলকাব্য : ইতিহাসের প্রেক্ষিতে

সাগ্নিক দাশগুপ্ত

মঙ্গলকাব্য - সংজ্ঞা ও বৈশিষ্ট্য

মধ্যযুগীয় বাংলা সাহিত্যের বিস্তৃত পরিসরে মঙ্গলকাব্য এক গুরুত্বপূর্ণ অধ্যায়। তুর্কী আক্রমণের পরবর্তীকালে এক অবক্ষয়িত সমাজের বুকে এই সাহিত্যধারার উদ্ভব এবং পরবর্তী কয়েক শতক জুড়ে তার বিস্তার পরিলক্ষিত হয়। আশুতোষ ভট্টাচার্য মঙ্গলকাব্যের সংজ্ঞা নির্ধারণ প্রসঙ্গে বলেছেন—

> "আনুমানিক খ্রিস্টীয় ত্রয়োদশ শতাব্দী হইতে আরম্ভ করিয়া অষ্টাদশ শতাব্দীর কবি ভারতচন্দ্রের কাল পর্যন্ত যে বিশেষ এক শ্রেণীর ধর্মবিষয়ক আখ্যানকাব্য প্রচলিত ছিল, তাহাই বাংলা সাহিত্যের ইতিহাসে মঙ্গলকাব্য নামে পরিচিত।"[১]

এ প্রসঙ্গে অসিতকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন—

> "খ্রিস্টীয় পঞ্চদশ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত এমনকি তারও পরে অনেক মঙ্গলকাব্য রচিত হয়েছে। গোটা বাংলাদেশেই এই মঙ্গলকাব্যসমূহের অসাধারণ প্রভাব দেখা যায়। . . . বিভিন্ন দেবদেবীর পুজা প্রচার সম্বন্ধীয় এক প্রকার আখ্যনকাব্যকে মঙ্গলকাব্য বলে।"[২]

শিশির কুমার দাশ বলেছেন—

> "Like the Natha stories several legends of the hunter Kalketu or the sailor Dhanapati or the courageous Behula who like the Savitri of the Mahabharata, brought back her husband from death – originated in this period. These poems came to be known as Mangal Kabyas."[৩]

উপরে উদ্ধৃত বিভিন্ন সংজ্ঞায় মঙ্গলকাব্যের যে সাধারণ বৈশিষ্ট্যগুলি প্রকাশিত হয়েছে, সেগুলি হল—

ক. ধর্মবিষয়ক আখ্যানকাব্য।

খ. লৌকিক দেব-দেবীর পূজা প্রচার এর মূল বিষয়।

গ. লৌকিক গ্রাম্য দেব-দেবীর প্রাধান্য এই কাব্যগুলিতে পরিলক্ষিত হয়।

ঘ. এই কাব্যগুলি গ্রামের বিভিন্ন মন্দিরে লৌকিক দেবতার পূজা উপলক্ষে ভক্ত সমারোহে গান করা হয়।

ঙ. বিভিন্ন জটিল ব্যাধি থেকে মুক্তি এবং প্রাকৃতিক প্রতিকূলতা থেকে রক্ষা পেতে সর্বোপরি সার্বিক কল্যাণ আকাঙ্খায় এই কাব্যগুলি গীত হয়।

এই কাব্যধারার সৃষ্টি আকস্মিক নয়। পূর্বকালে বিভিন্ন লোককথার মধ্যে এ কাব্যের কাহিনি অংশের সাক্ষাৎ পাওয়া যায়। এই লোককথাগুলিই কবিদের শৈল্পিক চেতনার স্পর্শে কাব্যরূপ লাভ করেছে। দীর্ঘদিন ধরে এই আখ্যানকাব্যগুলি একই আঙ্গিকে রচিত হওয়ার ফলে, স্বাভাবিকভাবেই এগুলির কাহিনিবয়ন সম্পর্কিত বিষয়ে সুনির্দিষ্ট কিছু বিধি-বিধানের সৃষ্টি হয়েছিল। যেমন—প্রায় প্রতিটি মঙ্গলকাব্যই চারটি অংশে বিভক্ত— ক. বন্দনাখণ্ড, খ. গ্রন্থোৎপত্তির কারণ, গ. দেবখণ্ড, ঘ. নরখণ্ড।

ইতিহাস ও সাহিত্য : সম্পর্কের যোগ-বিয়োগ

ইতিহাস এবং সাহিত্যের পারস্পরিক তুলনা অনুভূমিক অক্ষে বিবেচনাধীন হতে পারে। যেকোন দুটি বিষয়ে তুলনার মত এদের মধ্যেও পারস্পরিক সাদৃশ্য এবং বৈসাদৃশ্য সূচিত হয়। বৈসাদৃশ্য প্রসঙ্গে বলা যায়, ইতিহাস যেখানে ঘটে যাওয়া অতীতকে নিয়ে কাজ করে; সেখানে সাহিত্য গড়ে ওঠে অতীত-বর্তমান এবং ভবিষ্যতের যথাক্রমে পূর্বঘটিত, ঘটমান ও

সম্ভাব্য বিষয়কে অবলম্বন

"Poetry, there
more concerned with

এই দার্শনিক মন্ত
প্রদানের ইতিবৃত্ত আমাদে
গ্রন্থের বিষয় বিশ্লেষণে প্র
কর্মপন্থা ও সংস্কৃতির বহু
সমানভাবে প্রাসঙ্গিক। সুত
খণ্ডিত হয়। একারণেই সা

"সমস্ত জনশ্রুতি,
থাকিবে। যাহা তথ্য হিসাবে
ঐতিহাসিক সত্য পাওয়া য
ইতিহাস।"[৪]

অপরদিকে সাহিত্যও ইতিহ
অন্তরে একটি দেশ-কালের
ইতিহাসচেতনা সবিশেষ গুর
দাশগুপ্তের একটি মন্তব্যকে

"ঐতিহাসিক মানসি
নেই- সেহেতু ঘটনার বর্ণনার
সেই কাজ সাহিত্যিকের।"[৫]

এক সাম্প্রদায়িক ধর্ম
কাব্যগুলির ভরকেন্দ্রে অলৌকি
বৃন্তহীন পুষ্পসম আপনাতে
দেবতার মাহাত্ম্য প্রচার। কিন্তু
-কবি সাহিত্য রচনায় ব্রতী হয়ে
দেহেই স্বর্গলোকের পোশাক প
মেদ-মজ্জা সমন্বিত মানবজীবনে
পাওয়া, আনন্দ-বেদনা, হাসি-ক
হয়েছে। যদিও এর পাশাপাশি
অক্ষুণ্ণ রাখতে পারেনি। কারণ,
রেখে, কাব্যের কেন্দ্রীয় বিষয়ে ফি
আরেকবার স্মরণ করা দরকার
এবং বিকাশ। সেই কাললগ্নে ফি

প্রকৃতি, প্রকৃতিসংলগ্ন মানবজীবনের
দলিল আমাদের সামনে জীবন্তরূপে
ত্তার অন্তরালে লেখকের ভ্রমনরসিক
ত হয়।

১৯৬৬, পৃ. ২৪৭।

বিষ্ণু দে-র কবিতা : আন্তর্জাতিক চোখে
আত্ম-অন্বেষণের প্রক্রিয়া

সাগ্নিক দাশগুপ্ত

কথামুখ :

বাংলা আধুনিক কবিদের বৃহত্তর সরণিতে বিষ্ণু দে এক গুরুত্বপূর্ণ মাইলস্টোন। রবিরশ্মির উজ্জ্বল কিরণ থেকে সরে আসতে বিশ শতকের বাঙালি কবিরা যখন একটি নতুন দিগন্তের অন্বেষণে নিমগ্ন ; ঠিক সেই মুহূর্তেই বাংলা কাব্যভুবনে আবির্ভাব ঘটল বিষ্ণু দে-র। পথ চলার শুরুতেই ভবিষ্য চলনের মানচিত্রটাকে যেন তিনি ঠিক করে নিলেন। প্রকাশ করলেন তাঁর কবি মননের ম্যানিফেস্টো—

রবীন্দ্রব্যবসা নয়, উত্তরাধিকার ভেঙে ভেঙে
চিরস্থায়ী জটাজালে জাহ্নবীকে বাঁধিনা, বরং
আমরা প্রাণের গঙ্গা খোলা রাখি, গানে-গানে নেমে
সমুদ্রের দিকে চলি, খুলে দিই রেখা আর রং।[১]

এলিয়ট শিষ্যের এই আত্মগত স্পর্ধিত উচ্চারণ কিন্তু চোরাবালির শূন্য অস্তিত্বে ডুবে মরেনি ; বরং রবীন্দ্রোত্তর বাংলা কবিতা এরই মধ্যে খুঁজে পেল এক নতুন ডায়মেনশন। রাবীন্দ্রিক ঐতিহ্য, পাশ্চাত্য মনন এবং স্বীয় প্রতিভার রসায়নে গড়ে উঠল এক নতুন কাব্যশরীর। যে শরীরের অন্দরমহলের টোপোগ্রাফিতে গোটা বিশ্ব, চৈতন্যে গ্লোবালাইজড সত্তার অবস্থান আর প্রাণে সামগ্রিকতার মরমীয়া সিম্ফনি–'ভালেরির আত্মভুক্ সর্পে নয়, আমাদের লেখকেরা জানেন যে বিশ্বরূপদর্শনেই ব্যক্তির ঐশ্বর্য।'[২]

বিষ্ণু দে-র হয়ে ওঠা :

বিষ্ণু দে-র জন্ম ১৯০৯ খ্রিস্টাব্দে কলেজ স্কোয়ার অঞ্চলে এক বনেদী পরিবারে। তাঁর পিতা অবিনাশচন্দ্র দে এবং মাতা মনোহারিনী দেবী। তাঁদের পারিবারিক পরম্পরায় উচ্চশিক্ষার স্রোত ছিল বহমান। বিষ্ণু দে-র বঠ্ঠাকুরদা শ্যামাচরণ দে ছিলেন ইংরেজ সরকারের প্রথম গেজেটেড অফিসার (তাঁরই নামে বিখ্যাত বইপাড়ার রাস্তাটির নাম শ্যামাচরণ দে স্ট্রিট)। ডেভিড হেয়ার এবং বিদ্যাসাগরেরও এই দে পরিবারের সঙ্গে ঘনিষ্ঠ যোগসূত্র ছিল। যাই হোক, তাঁর জন্মলগ্নটাও বিশ্ব ইতিহাসে এক ক্রান্তিকাল। ঊনিশ শতকীয় নবজাগরণে আলোকসঞ্জাত বাঙালি মধ্যবিত্ত সত্তা বিশ-শতকে এসে দর্শনে-চৈতন্যে-সৃজনশীলতার বৃত্তে আরেক ধাপ উন্নতির প্রচেষ্টায় ব্যাপৃত হয়েছিল। ১৯০৫ থেকে শুরু হওয়া বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের মাধ্যমে এই মধ্যবিত্ত শ্রেণি চলে এল লাইম লাইটের কেন্দ্রে। ১৯১২-র বঙ্গভঙ্গ রোধের মাধ্যমে এদের প্রয়াস অবশেষে পূর্ণতা পেল। এই সাফল্যের পরবর্তী ধাপ ছিল নিজেদের স্বতন্ত্র অবস্থানকে ছেড়ে দিয়ে নিম্নশ্রেণির মানুষের সঙ্গে পারস্পরিক বিমিশ্রণ এবং ভাবের আদান-প্রদান। কিন্তু এক্ষেত্রে ব্যর্থ হল তারা। এরই মধ্যে ১৯১৪-তে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হল। যার অভিঘাতে সমস্ত পৃথিবী পরিণত হল এক 'Wasteland'-এ। মানুষের অস্তিবাদী চেতনায় দেখা দিল এক বিশাল ফাটল। চারিদিকে তখন তার নিরাপত্তার সংকট। মর্মে ও মজ্জায় জমেছে গভীর অবিশ্বাস। ১৯১৬-তে ভারতব্যাপী হিন্দু-মুসলমান ঐক্যে ভাঙন ধরা পড়ল। যারই সুদূরপ্রসারী ফল ১৯৪৬-এর সাম্প্রদায়িক দাঙ্গা এবং ৪৭-এর দেশভাগ। এইসব পতন-অভ্যুদয়-বন্ধুর

শশিভূষণ দাশগুপ্ত (১৯১১-১৯৬৪)

বাংলা সাহিত্যের মধ্যযুগ চর্চার ইতিহাসে শশিভূষণ দাশগুপ্ত-র ভূমিকা অনস্বীকার্য। মধ্যযুগ পর্বে বাংলাদেশে বিভিন্ন সাধন-প্রণালী এবং সেই সাধন-তত্ত্বের প্রভাব সম্পৃক্ত সাহিত্যের বিস্তৃত বিবরণ তাঁর রচিত গ্রন্থগুলিতে প্রকাশিত হয়েছে। এই গুহ্য সাধন- প্রণালী সম্পর্কে অবগত না হয়ে মধ্যযুগের বাংলা সাহিত্যের পূর্ণাঙ্গ পাঠ কখনোই সম্ভব নয়। শশিভূষণের বিভিন্ন গবেষণা গ্রন্থগুলিতে এই সত্যটিই ধরা পড়েছে। বিশেষ ধর্মীয় দর্শনগত প্রস্থানের ভিত্তিতে মধ্যযুগ পর্বে বাংলা সাহিত্য বিচারের যে প্রেক্ষিতটি তিনি প্রস্তুত করেছিলেন, পরবর্তীকালে বাংলা সাহিত্যের মধ্যযুগ এবং লোকায়ত সংস্কৃতির বিশেষজ্ঞগণ এই পথেই অগ্রসর হয়ে একাধিক গবেষণা-কর্ম প্রকাশ করেছেন।

১৯১১ খ্রিঃ-এ অবিভক্ত বাংলাদেশের বরিশাল জেলার অন্তর্গত চন্দ্রধর গ্রামে শশিভূষণের জন্ম হয়। তিনি বরিশালের বি. এম. কলেজ থেকে আই. এ. ডিগ্রি লাভ করেন। এরপর দর্শনশাস্ত্রে সাম্মানিক নিয়ে পড়াশোনা করার জন্যে কলকাতায় এসে স্কটিশ চার্চ কলেজে ভর্তি হন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে তিনি স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ১৯৩৫ খ্রিঃ-এ শশিভূষণ কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে গবেষক হিসেবে যোগদান করেন। ১৯৩৭-এ গবেষণাকর্মে বিশেষ পারংগমতার জন্য তাঁকে প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি দেওয়া হয়। ১৯৩৯-এ গবেষণা কর্মের জন্য তিনি পি. এইচ. ডি. উপাধি প্রাপ্ত হন এবং ঐ বছরেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে নিযুক্ত হন। বাংলা সাহিত্যের মধ্যযুগ পর্বের ওপর রচিত তাঁর উল্লেখযোগ্য গবেষণাগ্রন্থগুলি হল—

১। *Obscure Religious Cults : As a Background of Bengali Literature* (১৯৬৪)
২। *An Introduction to Tantric Buddhism* ('৫০)
৩। *শ্রীধারার ক্রমবিকাশ : দর্শনে ও সাহিত্যে* ('৫২)
৪। *ভারতের শক্তিসাধনা ও শাক্তসাহিত্য* ('৬০)
৫। *বৌদ্ধধর্ম ও চর্যাগীত* ('৬৪)

—এই গ্রন্থগুলিতে শৈব, শাক্ত, বৈষ্ণব, তান্ত্রিক, বৌদ্ধধর্ম, সহজ সাধনের বিভিন্ন গুহ্য প্রণালীর বিবরণ ও বিশ্লেষণ পরিলক্ষিত হয়। দর্শনশাস্ত্রে তাঁর বিশেষ ব্যুৎপত্তি বিভিন্ন সাধন-প্রণালীর গভীরতর বিশ্লেষণে তাঁকে সাহায্য করেছে। ১৯৬১ খ্রি.-এ 'ভারতের শক্তিসাধনা ও শাক্তসাহিত্য' গ্রন্থের জন্য তিনি সাহিত্য অকাদেমি পুরস্কার লাভ করেন। ১৯৬৪-এর ২১শে জুলাই এই যশস্বী গবেষক-অধ্যাপকের অকালপ্রয়াণে বাংলা সাহিত্য গবেষণার জগতে সমূহ ক্ষতি হয়।

লিখন : সাগ্নিক দাশগুপ্ত, গবেষক, বিশ্বভারতী, বাংলা বিভাগ।

ড. পঞ্চানন মণ্ডল-এর রাঢ় বিষয়ক প্রবন্ধে রাঢ় বঙ্গের ইতিহাস ও সংস্কৃতি : একটি আলোচনা

চন্দনকুমার কুণ্ডু

পঞ্চানন মণ্ডল ১৯১৬ খৃ: ২২ অক্টোবর (৫ কার্ত্তিক ১৩২৩, রবিবার) বর্ধমান জেলায় চণ্ডীমঙ্গলের শ্রেষ্ঠ কবি কবিকঙ্কন মুকুন্দের এলাকায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন বিজয়গঞ্জ গ্রামের জমিদার ভূবনমোহন মণ্ডল, আর মাতা মিসরীবালা মণ্ডল। গ্রামের পাঠশালায় পড়ার পর ইংরেজী স্কুলে ভর্তি হন ও পরে (১৯৩০-৩৩ খৃ:) মিউনিসিপ্যাল হাইস্কুলে পাঠ আরম্ভ করেন। ১৯৩৪ সালে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে পড়তে যান, ১৯৩৬-এ শান্তিনিকেতনে এবং ১৯৩৮-এ কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়তে যান।

১৯৪০ সালে এম.এ. পাস করার পরে তিনি বর্ধমান সাহিত্য সভার সঙ্গে যুক্ত হন। এর পর অধ্যাপক ড. সুকুমার সেন ও পঞ্চানন মণ্ডলের সম্পাদনায় প্রকাশিত হয় 'রূপরামের ধর্মমঙ্গল' (প্রথম খণ্ড)। ১৯৪৬ এর সেপ্টেম্বরে তিনি বিশ্বভারতীর বিদ্যাভবনে পুঁথি বিভাগে কাজ শুরু করেন। এখানে তাঁর কর্মধারার মধ্যে অন্যতম ছিল—পুঁথি সংগ্রহ, তালিকা প্রস্তুতি ও প্রাচীন পুঁথি সম্পাদনা। এখান থেকে প্রথম বই 'গোর্খ বিজয়' প্রকাশিত হয় ১৯৪৯-এ। পরে বিশ্বভারতী থেকে ক্রমান্বয়ে 'পুঁথি পরিচয়' (১ম-৬ষ্ঠ খণ্ড) প্রকাশিত হয়। তিনি ১৯৪৬-৮১ খৃ: পর্যন্ত বিশ্বভারতী বিদ্যাভবনের অধ্যাপক, গবেষক, পুঁথি সংগ্রাহক ও সম্পাদক হয়ে ওঠেন।

ড. পঞ্চানন মণ্ডলের 'রাঢ় প্রীতি' ছিল খুব গভীর, রাঢ়ের ইতিহাস উদ্ধার তাঁর জীবনের অন্যতম সংকল্প ছিল বলা চলে। সে জন্যই তিনি 'রাঢ় গবেষণা পর্ষদ' স্থাপন করেন। উৎসাহী ছাত্র-ছাত্রীদের নিয়ে রাঢ় গবেষণার কাজও তিনি চালিয়ে গেছেন। রাঢ়বঙ্গকে কেন্দ্র করে রচিত তাঁর একাধিক প্রবন্ধই 'রাঢ়প্রীতি'র প্রমাণ স্বরূপ বলা যায়।

তিনি নানা সময়ে রাঢ়ের নানা ঐতিহ্যের সন্ধানে যেমন ব্রতী হয়েছেন তেমনি রাঢ়ের কিংবদন্তীর সঙ্গে সাহিত্য ও ঐতিহাসিক তথ্যের মেলবন্ধন করে পুরাতন ইতিহাস চর্চাতে ও গবেষকের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। শুধুমাত্র অজয় তীরবর্তী রাঢ় বঙ্গ নয়, বৃহত্তর রাঢ়ের ঐতিহ্য, ইতিহাস, সাহিত্য ও সংস্কৃতির তথ্যানুসন্ধানের পরিচয় তাঁর যুক্তিনির্ভর ও তথ্যবহুল প্রবন্ধগুলিতে পাওয়া যায়।

'অজয়' উপত্যকায় অবিচ্ছিন্ন রাঢ়ীয় ঐতিহ্যের সন্ধানে' শীর্ষক প্রবন্ধে 'শ্রীপাট মুলুক গ্রামে মহাপুরুষ শ্রীরামকানাই ঠাকুরের স্মৃতি বাসরের উদ্বোধন' অনুষ্ঠান উপলক্ষে দেওয়া বক্তৃতাটিই আলোচ্য প্রবন্ধ। এখানে অজয় উপত্যকার অবিচ্ছিন্ন ঐতিহ্যের

বীরভূমের বাউল : স্বাতন্ত্রে ও জনপ্রিয়তায়

চন্দনকুমার কুণ্ডু*

বাংলার লোক সংস্কৃতির বিশিষ্ট একটি দিক হল বাউল গান। শুধু লোক সংস্কৃতিই বা বলি কেন, বাউলগান বর্তমানে বাংলার অভিজাত সংস্কৃতিতেও জায়গা করে নিয়েছে। বাউল শব্দটিকে উন্মত্ত, ভাবোন্মত্ত প্রেমোন্মত্ত প্রভৃতি অর্থে গ্রহণ করা যায়। সম্ভবত 'বাতুল' শব্দ থেকে বাউল শব্দটি বাংলা ভাষায় এসেছে। শ্রীকৃষ্ণ বিজয়ের রচয়িতা মালাধর বসু তার উক্ত গ্রন্থে প্রথম 'বাউল' শব্দটি ব্যবহার করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের সম্পাদনায় শ্রীকৃষ্ণবিজয়ের একট অতিরিক্ত অংশে বাউল শব্দের ব্যবহার আছে এভাবে —

"মুকুল (৩) মাথায় চুল নাংটা যেন বাউল
রাক্ষসে রাক্ষসে বুলে রণে।
বিকটান কাড়ি রায় বলে মাংস কাড়ি খায়
রক্ত পড়ে গলিয়া বদনে।।"

(কলকাতা বিশ্ববিদ্যালয় সংস্করণ, পৃ. — ৫২৯)

কৃষ্ণদাস কবিরাজের চৈতন্যচরিতামৃতে এই 'বাউল' শব্দটি বেশ কয়েকবার ব্যবহৃত হতে দেখি।

ক. "প্রভু কহে, বাউলিয়া ঐছে কাঁহে কর?"

(চৈতন্যচরিতামৃত, আদি, ১২ পরিচ্ছদ)

খ. "আমি ত বাউল আন্ কহিতে আন্ কহি।
কৃষ্ণের মাধুর্যস্রোতে আমি যাই বহি।।'

(চৈতন্যচরিতামৃত, মধ্য খণ্ড, ২১ পরিচ্ছদ)

গ. 'নীবিবন্ধ পড়ে খসি বিনামূল্যে হয় দাসী
বাউলী হঞা কৃষ্ণপাশে ধায়"

(চৈতন্যচরিতামৃত, অন্ত্যের ১৭ পরিচ্ছদ)

চণ্ডীদাসের ভনিতা যুক্ত বৈষ্ণব সহজিয়া ও সাধন প্রণালী সমন্বিত 'রাগাত্মিকা পদে' ও 'বাউল' শব্দের ব্যবহার পাওয়া যায়।

শুন মাতা ধর্মমতি বাউল হইনু অতি
কেমনে সুবুদ্ধি হবে প্রাণী?

(মণীন্দ্রমোহন বসু সম্পাদিত রাগাত্মিকা পদ, কলিকাতা বিশ্ববিদ্যালয়)

'শ্রীকৃষ্ণবিজয়', 'চৈতন্যচরিতামৃত', 'রাগাত্মিকাপদ' প্রভৃতিতে বাউল শব্দটিকে এভাবেই পাওয়া যায়। পরবর্তীতে মহাজ্ঞান শূন্য ভাবোন্মাদ বা ধর্মোন্মাদ,

* অধ্যাপক, অভেদানন্দ মহাবিদ্যালয়

CONTRIBUTION OF TRIBAL IN TEBHAGA MOVEMENT IN DUARS OF JALPAIGURI DISTRICT

Keshab Ch. Bhattacharya, Kakali Pal and Shrabani Banerji

INTRODUCTION

The *Tebhaga* Mmovement has been described as virtually a tribal peasant uprising in wide areas under the Jalpaiguri district, though non-tribal adhiyars also took apart in it. The movement was under the leadership of the *Krishak* Sabha (The Peasants' organization) controlled by the undivided Communist Party of India. The accumulated grudges of the local peasants against generation after generation of deprivation and exploitation culminated in the outbursts of revolt and movement at many places in five districts of North Bengal, at a particular phase of social and political evolution in the third decade of the twentieth century. In the memories of those days as well as in the history of today this rebellion is known as the *Tebhaga* Movement.

OBJECTIVES

The chief objective of this study is to analyses the contribution tribal share-cropper and workers in *Tebhaga* movement in North Bengal during 1940s.

STUDY AREA

The present study is confined within the district of Jalpaiguri. The study area is the north-eastern most district of West Bengal with a total geographical area of 6227 sq. km. between 26°16' to 27°0' N and 88°8' to 89°53' E. It is bordered by two international boundaries viz. Bangladesh in the south-west and Bhutan in the north. Jalpaiguri district is the chicken-neck of the North-East India between Bhutan and Bangladesh.

গ্রামীণ অর্থনীতির বিকাশে রবীন্দ্রনাথ ও এই সময়

বেদদ্যুতি বর্মন ও কাকলি পাল

ভূমিকা ঃ

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর মূলত একজন মানবতাবাদী। পৃথিবীর ইতিহাসে মানবতাবাদের এত বড় প্রবক্তা খুব কমই এসেছেন। রবীন্দ্রনাথের চিন্তাধারা শুধু সাহিত্য, সঙ্গীত বা চিত্রকলার মধ্যেই আবদ্ধ ছিল না। তাঁর চিন্তাধারা ছিল সুদূরপ্রসারী। রবীন্দ্রনাথের রচনায় মানুষের সঙ্গে—মানুষের সুখ-দুঃখের সঙ্গে পরিচয় সুস্পষ্ট। তাঁর কবিসত্তার সঙ্গে জড়িয়ে আছে সাধারণ মানুষের কল্যাণ করার আকাঙ্ক্ষা। মানুষের কল্যাণ কামনাই ছিল রবীন্দ্রনাথের জীবনের অন্যতম ব্রত। অর্থনৈতিক চিন্তা, তাঁর কবিসত্তার সঙ্গে এমনভাবে জড়িত ছিল যে, তা খুঁজে বের করা খুব কঠিন।

রবীন্দ্রনাথের একটি অর্থনৈতিক চিন্তাধারা ছিল। তিনি ছিলেন একজন মানবতাবাদী। মানবতাবাদী বলেই তিনি বলেছিলেন, "দারিদ্র মানুষের অসম্মিলনে, ধন তার সম্মিলনে"। মানবতাবাদ রবীন্দ্রনাথকে বৃহত্তর কর্মক্ষেত্রে ঠেলে দিয়েছিল এবং এক্ষেত্রেই আমরা তাঁর অর্থনৈতিক চিন্তাধারার মূলসূত্রগুলি দেখতে পাই।

রবীন্দ্রনাথের অর্থনৈতিক চিন্তার মূলসূত্রগুলি হল—(১) কৃষিক্ষেত্রে উন্নতি এবং কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়নের জন্য পথ নির্দেশ করা, ২) সমবায় আন্দোলনের সম্প্রসারণ, যা কৃষির উন্নতির সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত; কৃষকদের প্রয়োজনীয় মূলধন সরবরাহ করার জন্য সমবায় ব্যাঙ্ক গঠন এবং কৃষিজাত সামগ্রি ন্যায্য দামে বিক্রি করার জন্য সমবায় বিক্রয়করণ সমিতি গঠন। এক্ষেত্রে রবীন্দ্রনাথের প্রদর্শিত সমাজ উন্নয়ন পরিকল্পনার (Community Development Plan) যৌক্তিকতা দেশের পরিকল্পনা কর্তৃপক্ষও মেনে নিয়েছেন। ৩) শিল্পোন্নয়ন, বিশেষ করে গ্রামীণ শিল্পের পুনরুজ্জীবনে রবীন্দ্রনাথের প্রয়াস।

অর্থবিজ্ঞানে আমরা ছদ্মবেশী বা প্রচ্ছন্ন বেকারত্ব (Disguised unemployment) কথাটির সঙ্গে বিশেষভাবে পরিচিত। এই বেকার অবস্থার বৈশিষ্ট্য হল, কৃষিক্ষেত্রে উদ্বৃত্ত শ্রমিক কাজে নিযুক্ত থাকে, যাদের প্রান্তিক উৎপাদনশীলতা (marginal productivity) শুন্য। এই উদ্বৃত্ত শ্রমশক্তিকে যদি খামার থেকে সরিয়ে আনা যায় এবং বিকল্প কাজের ব্যবস্থা করা যায়, তাতে পরিণামে দেশেরই সম্পদ বাড়বে এবং কিছু অনুৎপাদনমূলক ব্যয় (unproductive expenditure) এড়ানো সম্ভব হবে।

রবীন্দ্রনাথের চিন্তাধারা অনেকটা ঐরূপ, যদিও তিনি অর্থবিজ্ঞানের তাত্ত্বিক বিশ্লেষণ করতে যান নি। তিনি জানতেন ক্রমবর্ধমান জনসংখ্যার চাপ কৃষিক্ষেত্র আর সহ্য করতে পারছে না—তাছাড়া সারা বছরের সব সময়েই কৃষকদের হাতে কাজ থাকে না। এজন্য তাদের বিকল্প কর্মসংস্থানের প্রয়োজন যাতে একান্তভাবে কৃষিনির্ভর না হয়ে পরে। এজন্যই রবীন্দ্রনাথ সুরুল গ্রামে ও তার আশেপাশের গ্রামবাসীদের বিকল্প কর্মসংস্থানের জন্য কুটির ও গ্রামীণ শিল্পগুলিকে পুনর্গঠিত ও উন্নত করার জন্য প্রেরণা দিয়েছিলেন এবং সক্রিয়ভাবে

বহুরূপে সম্মুখে তুমি : বিবেকানন্দ (১২-১৩ ফেব্রুয়ারী, ২০১৩)
রাণীগঞ্জ গার্লস কলেজ, বর্ধমান, পশ্চিমবঙ্গ
ISBN : 978-93-84-491-05-5

সামাজিক প্রগতি ও নারী জাগরণের জন্য শিক্ষার প্রয়োজনীয়তা প্রসঙ্গে স্বামী বিবেকানন্দের ভাবনা

কাকলী পাল ও প্রতিমা মুখার্জী
বাংলা বিভাগ, সংস্কৃত বিভাগ, অভেদানন্দ মহাবিদ্যালয় সাঁইথিয়া, বীরভূম

ভূমিকা : স্বামীজী কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত পায়ে হেঁটে ভারতবর্ষের মানুষের দুঃখকষ্টের সঙ্গে পরিচিত হয়েছিলেন। তিনি দেখেছিলেন- অশিক্ষা, দারিদ্র, কুসংস্কার প্রভৃতির কারণে একশ্রেণির মানুষ পশুর মত জীবনযাপন করছে। তাদের অন্ন নেই, বস্ত্র নেই, বাসস্থান নেই, এমনকি নিজেদের প্রতি বিশ্বাসও নেই। অন্যদিকে, আর-এক শ্রেণির মানুষ তাদেরই পরিশ্রমের সম্পদকে অবলম্বন করে চরম বিলাসিতার মধ্যে দিন কাটাচ্ছে। স্বামীজী ধনী ও দরিদ্রের মধ্যে বৈষম্যের অবসান চেয়েছিলেন। একমাত্র শিক্ষার প্রসারের মাধ্যমেই এই সামাজিক বৈষম্য দূর করা সম্ভব। স্বামীজীর মতে "দেশের জনসাধারণকে অবহেলা করাই আমাদের প্রবল জাতীয় পাপ এবং তাহাই আমাদের অবনতির অন্যতম কারণ। যতদিন না ভারতের সর্বসাধারণ উত্তমরূপে শিক্ষিত হইতেছে, উত্তমরূপে খাইতে পাইতেছে, অভিজাত ব্যক্তিরা যতদিন না তাহাদের যত্ন লইতেছে, ততদিন যতই রাজনীতিক আন্দোলন করা হউক না কেন, কিছু হইবে না।"

দেশবাসীর দারিদ্রের মূলে অশিক্ষা : স্বামীজীর ভাষায় দারিদ্রের জন্য দায়ী বিশ্ব লোকের 'বিশ্বাসঘাতকতা'। স্বামীজী বলেছেন, ' লক্ষ লক্ষ দরিদ্র নিষ্পেষিত নরনারীর বুকের রক্ত দ্বারা অর্জিত শিক্ষালাভ করে এবং বিলাসিতায় আকণ্ঠ নিমজ্জিত থেকেও যারা ঐ দরিদ্রদের কথা একটিবার চিন্তা করার অবকাশ পায়না-তাদের আমি

বিবেকানন্দ ঃ মানবতার পূজারী

সুমিত ভট্টাচার্য,
সহ অধ্যাপক, ইতিহাস বিভাগ, অভেদানন্দ মহাবিদ্যালয়, সাঁইথিয়া, বীরভূম

কলকাতার খুব কাছের মফস্বল শহর সিমুলিয়ার বিখ্যাত দত্ত পরিবারের সন্তান স্নাতক নরেন্দ্রনাথ দত্তের উনিশ শতকের আটের দশকে সন্ন্যাসমন্ত্রে দীক্ষাগ্রহণের তাৎপর্য ভারত ইতিহাসে অসীম। পূর্বাশ্রমের নরেন্দ্রনাথ সন্ন্যাসজীবনে পরিচিত হয়েছিলেন স্বামী বিবেকানন্দ নামে। সন্ন্যাসী বিবেকানন্দ ছিলেন প্রথম ভারতীয় যিনি শিকাগোর ধর্মমহাসভায় বিশ্ববাসীর কাছে হিন্দু-সভ্যতা ও সংস্কৃতির শ্রেষ্ঠত্বকে তুলে ধরেছিলেন সুদৃঢ় প্রত্যয়ে। দেশীয় সভ্যতা ও সংস্কৃতি সম্পর্কে এতকালের হীনমন্যতার ভাবনা ঝেড়ে ফেলে ভারত জেগে উঠেছিল নব উদ্দীপনায়।

নরেন্দ্রনাথ দত্তের স্বামী বিবেকানন্দে রূপান্তর সম্ভব হয়েছিল ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসের উদ্যোগ ও সোৎসাহ প্রেরণায়। বিরজা হোম করে রামকৃষ্ণের প্রিয় শিষ্য নরেন গৃহত্যাগ করেছিলেন ধর্মের জন্য। একথা ঠিক যে সেকালের আরও অনেক হিন্দু চিন্তাবিদ ও সংস্কারকের মত বিবেকানন্দও হিন্দুধর্মের মহিমা কীর্তন করেছিলেন। কিন্তু তাঁর বিশেষত্ব ছিল এই যে, তিনি হিন্দু পুনরুত্থানের তত্ত্বকে পুরাণ বা স্মৃতির ওপর নয়, প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন বেদান্তের ওপর। যে বেদান্তের চিন্তাধারায় পৌত্তলিকতা ও জাতিভেদের কোনো স্থান ছিল না। সন্ন্যাসমন্ত্রে দীক্ষা নিলেও চিন্তায় ও কাজে-কর্মে গড়পড়তা সন্ন্যাসীর মত ছিলেন না তিনি। লোকালয় থেকে দূরে গিরিবন্দরে কিংবা শ্মশানের স্তব্ধতার মধ্যে সাধন-ভজনে নিজেকে ব্যাপৃত না রেখে সাধারণ মানুষের সঙ্গে মিশে জাতি-বর্ণ-ধর্ম নির্বিশেষে সাধারণ মানুষের সার্থে কাজ করার কথা বলেছিলেন বিবেকানন্দ। তিনি বলতেন ঃ "ক্ষীর-ননী খেয়ে, তুলোর ওপর শুয়ে, এক ফোঁটা চোখের জল কখনও না ফেলে কে কবে বড় হয়েছেন, কার ব্রহ্ম কবে বিকশিত হয়েছে ?"[১] এভাবে প্রকারান্তরে সাধারণ মানুষের মাঝে দাঁড়িয়ে তাদের স্বার্থে কাজ করার কথাই বলেছিলেন বিবেকানন্দ।

বিবেকানন্দ ছিলেন একজন বড় ধর্মাচার্য এবং ধর্মাচার্য হিসেবে তিনি মানুষের গভীর শ্রদ্ধা আকর্ষণ করতে পেরেছিলেন। কিন্তু ধর্মাচার্যের চেয়েও একজন মানবতাবাদী, মানবসেবায় নিবেদিত প্রাণ মহান পুরুষ হিসেবে তিনি বেশি খ্যাতি অর্জন করেছিলেন। মানবতাবাদে তাঁর পাঠগ্রহণ গুরু শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসের কাছে। রামকৃষ্ণ পরমহংসের 'জীবকে শিবজ্ঞানে' দেখার পরামর্শে অনুপ্রাণিত বিবেকানন্দ নিপীড়িত দরিদ্র আর্ত মানুষের মাঝে প্রত্যক্ষ করেছিলেন সাক্ষাৎ নারায়ণকে। 'দরিদ্র-নারায়ণ' শব্দবন্ধটির স্রষ্টা তিনিই।

রবীন্দ্রনাথ : স্বাদেশিক ও আন্তর্জাতিক

সুমিত ভট্টাচার্য

রবীন্দ্রনাথের মুখ্য পরিচয় তাঁর সৃজনশীল সত্তায়। তিনি কবি—বিশ্বকবি। এছাড়াও প্রাবন্ধিক, ঔপন্যাসিক, ছোটোগল্পকার, গীতিনাট্যকার, গীতিকার, সুরকার এমনকী চিত্রশিল্পীরূপেও অসাধারণ সৃজনী প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন তিনি। এই সৃজনশীল সত্তার বাইরে অন্য এক পরিচয়েও তিনি পরিচিত—তিনি ছিলেন একজন উদার মানবতাবাদীও। আর উদার মানবতাবাদী দৃষ্টিভঙ্গির অধিকারী ছিলেন বলেই নিজের মধ্যে স্বাদেশিকতা ও আন্তর্জাতিকতার মেলবন্ধন ঘটানো তাঁর পক্ষে সম্ভব হয়েছিল। ভারত তথা বহির্বিশ্বে ঘটে চলা মানবতাবিরোধী কার্যকলাপের তিনি ছিলেন একজন সোচ্চার প্রতিবাদী, তাঁর প্রতিবাদ অবশ্য প্রত্যক্ষ কর্মকাণ্ডে রূপায়িত হয়নি কখনোই, কারণ রোলাঁর কথায়, তিনি ছিলেন সংগ্রামের ঊর্ধ্বে। তথাপি, নৈতিক মানদণ্ডে যা কিছু অশুভ ও অন্যায় সেসবের বিরুদ্ধে এবং যুদ্ধবিরোধী শান্তিবাদী আন্দোলনের কণ্ঠস্বরের সঙ্গে নিজের কণ্ঠকে আজীবন তিনি বেঁধেছিলেন এক সুরে। পাশ্চাত্য জাতীয়তাবাদ, ঔপনিবেশিকতাবাদ, নাৎসিবাদ এবং ফ্যাসিবাদকে মানবতাবিরোধী বলে মনে করতেন তিনি। এগুলোর বিরুদ্ধে জীবনভর তিনি তাই সরব ছিলেন। তাঁর কলম কথা বলত, মানবতাবিরোধী মতাদর্শ ও তার ধ্বজাধারীদের বিরুদ্ধে লড়াইয়ে মানুষকে জোগাত সাহস ও প্রেরণা। একদা তিনি লিখেছিলেন, "মানবতা সংরক্ষণের যুদ্ধে আমাদের নৈতিক মানদণ্ডই হল সর্বশ্রেষ্ঠ আয়ুধ।...তোমরা (পাশ্চাত্যের জাতিগুলি) বলশালী বলেই আনুগত্যের অধিকারী, বিত্তশালী বলেই শ্রদ্ধার্হ, একথা স্বীকার করে নিয়ে আমরা নিজেদের হীন করতে প্রস্তুত নই।"[১]

